

শুরু

মলয় দাশগুপ্ত

সারাদিন ধরে কতো রকমের শব্দ এসে আমাকে ধাক্কা মারে
আমি পড়ে যাই—আবার উঠে দাঁড়াই—

এই শব্দগুলির মধ্যে কান পেতে আমি শুনি
লুকিয়ে থাকা দীর্ঘশ্বাস, লাল নীল হলুদ সবুজ দুঃখ
এই শব্দগুলির মধ্যে ঢুকে পড়ে আমি দেখি
আমার পরিচিত অনেক মানুষের রক্তাক্ত গল্প

আমি আরো দেখি এই শব্দগুলি বেড়াতে যাচ্ছে
পাহাড়ে সমুদ্রে জঙ্গলে আরো নানা জায়গায়—
ওরা যাচ্ছে, যেতে যেতে হারিয়ে যাচ্ছে কেউ কেউ
এই হারিয়ে যাওয়া শব্দগুলির খোঁজে হাঁটতে শুরু করি।